



প্রধান বিচারপতির সঙ্গে মার্কিন রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেস্ট ক্রিস্টেনসেন। বুধবার ঢাকার মার্কিন দূতাবাস এক ফেসবুক পোস্টে এ তথ্য জানায়।

দূতাবাস জানায়, প্রধান বিচারপতির সঙ্গে বৈঠককে সম্মানজনক অভিজ্ঞতা হিসেবে দেখছেন রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন। আলোচনায় বিচার বিভাগের ভবিষ্যৎ পরিকল্পনা, আইনের শাসন জোরদার এবং বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে নিরাপত্তা সহযোগিতা বাড়ানোর সম্ভাব্য দিকগুলো গুরুত্ব পায়। পাশাপাশি বিচার ব্যবস্থার সক্ষমতা উন্নয়ন ও পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় নিয়েও মতবিনিময় হয়।

উল্লেখ্য, এর আগে গত ১৫ জানুয়ারি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে আনুষ্ঠানিকভাবে পরিচয়পত্র পেশ করেন মার্কিন রাষ্ট্রদূত ব্রেস্ট ক্রিস্টেনসেন।

LENS ASIA